গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)-৫০৭

তারিখ : ১৩ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৮ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

সরকারি/বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহের ২০২৬ সালের (১৪৩২-১৪৩৩ বঙ্গাব্দ) শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি নিম্নোক্তভাবে মন্ত্রণালয়ের অনুমোদন জ্ঞাপন করা হলোঃ

ক্রমিক নং	পর্বের নাম	তারিখ ও দিন	বঙ্গাব্দের তারিখ	দিন সংখ্যা
০১	* শব-ই-মিরাজ	১৭ জানুয়ারি ২০২৬খ্রি. শনিবার	০৩ মাঘ, ১৪৩২	০০
০২	* শ্রী শ্রী সরস্বতী পূজা	২৩ জানুয়ারি ২০২৬খ্রি. শুক্রবার	০৯ মাঘ ১৪৩২	০০
০৩	* মাঘী পূর্ণিমা	০১ ফেব্রুয়ারি ২০২৬খ্রি. রবিবার	১৮ মাঘ, ১৪৩২	০১
০৪	* শব-ই-বরাত	০৪ ফেব্রুয়ারি ২০২৬খ্রি. বুধবার	২২ মাঘ, ১৪৩২	০১
০৫	শ্রী শ্রী শিবরাত্রি ব্রত	১৫ ফেব্রুয়ারি ২০২৬খ্রি. রবিবার	০২ ফাল্গুন, ১৪৩২	০১
০৬	** শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস (২১ ফেব্রুয়ারি)	২১ শে ফেব্রুয়ারি, ২০২৬ শনিবার	৮ ফাল্গুন, ১৪৩২	০০
০৭	* শুভ দোলযাত্রা (০৩ মার্চ)	০৩ মার্চ, ২০২৬, মঙ্গলবার	১৯ ফাল্গুন, ১৪৩২	০১
০৮	পবিত্র রমজান, শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরের আবির্ভাব, *শব-ই-ক্বদর (১৭ মার্চ), * জুমাতুল-বিদা (২০ মার্চ), * ঈদ-উল ফিতর (২১ মার্চ), ** স্বাধীনতা ও জাতীয় দিবস (২৬ মার্চ)	০৮ মার্চ ২০২৬খ্রি. রবিবার থেকে ২৬ মার্চ ২০২৬খ্রি. বৃহস্পতিবার পর্যন্ত	২৩ ফাল্গুন, ১৪৩২ থেকে ১২ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ	১৯
০৯	ইস্টার সানডে	০৫ এপ্রিল ২০২৬খ্রি. রবিবার	২২ চৈত্র, ১৪৩২	০১
১০	বৈসাবি উৎসব	১২ এপ্রিল ২০২৬খ্রি. রবিবার	২৯ চৈত্র, ১৪৩২	০১
১১	চৈত্র সংক্রান্তি	১৩ এপ্রিল ২০২৬ খ্রি. সোমবার	৩০ চৈত্র, ১৪৩২	০১
১২	বাংলা নববর্ষ	১৪ এপ্রিল ২০২৬খ্রি. মঙ্গলবার	০১ বৈশাখ, ১৪৩৩	০১
১৩	মে দিবস	০১ মে ২০২৬খ্রি. শুক্রবার	১৮ বৈশাখ ১৪৩৩	০০
১৪	* বুদ্ধ পূর্ণিমা (বৈশাখী পূর্ণিমা)	১ মে ২০২৬খ্রি. শুক্রবার	১৮ বৈশাখ ১৪৩৩	০০
১৫	* পবিত্র ঈদ-উল-আযহা (২৭ মে) ও গ্রীষ্মকালীন অবকাশ	২৪ মে, ২০২৬খ্রি. রবিবার থেকে ০৪ জুন, ২০২৬খ্রি. বৃহস্পতিবার পর্যন্ত	১০ জ্যৈষ্ঠ, ১৪৩৩ থেকে ২১ জ্যৈষ্ঠ, ১৪৩৩	১২
১৬	* পবিত্র আশুরা (মহররম)	২৬ জুন, ২০২৬খ্রি. শুক্রবার	১১ আষাঢ়, ১৪৩৩	০০
১৭	* আষাঢ়ী পূর্ণিমা	২৯ জুলাই, ২০২৬খ্রি. বুধবার	১৪ শ্রাবণ, ১৪৩৩	০১
১৮	** জুলাই গণঅভ্যুত্থান দিবস	০৫ আগস্ট, ২০২৬খ্রি. বুধবার	২১ শ্রাবণ, ১৪৩৩	০১
১৯	* আখেরী চাহার সোম্বা	১২ আগস্ট, ২০২৬খ্রি. বুধবার	০৫ ভাদ্র, ১৪৩৩	০১
২০	* ঈদ-ই-মিলাদুন্নবী (সা.)	২৬ আগস্ট ২০২৬খ্রি. বুধবার	১০ ভাদ্র, ১৪৩৩	০১
২১	* শুভ জন্মাষ্টমী	০৪ সেপ্টেম্বর, ২০২৬খ্রি. শুক্রবার	০৯ ভাদ্র, ১৪৩৩	০০
২২	ফাতেমা-ই-ইয়াজ দাহম	২৪ সেপ্টেম্বর, ২০২৬খ্রি. বৃহস্পতিবার	০৭ আশ্বিন, ১৪৩৩	০১
২৩	* মধু পূর্ণিমা	২৬ সেপ্টেম্বর, ২০২৬ শনিবার	১১ আশ্বিন, ১৪৩৩	০০
২৪	* শুভ মহালয়া	১০ অক্টোবর, ২০২৬ শনিবার	২৫ আশ্বিন, ১৪৩৩	০০
২৫	* দুর্গাপূজা (বিজয়া দশমী ২১ অক্টোবর)	১৮ অক্টোবর ২০২৬খ্রি. রবিবার থেকে ২২ অক্টোবর ২০২৬খ্রি. বৃহস্পতিবার পর্যন্ত	০২ কার্তিক, ১৪৩৩ থেকে ০৬ কার্তিক, ১৪৩৩	০৫
২৬	* শ্রী শ্রী লক্ষ্মীপূজা/ প্রবরণা পূর্ণিমা (আশ্বিনী পূর্ণিমা)	২৫ অক্টোবর ২০২৬খ্রি. রবিবার	০৯ কার্তিক, ১৪৩৩	০১
২৭	* শ্রী শ্রী শ্যামাপূজা	০৮ নভেম্বর, ২০২৬খ্রি. রবিবার	২৩ কার্তিক, ১৪৩৩	০১
২৮	** বিজয় দিবস (১৬ ডিসেম্বর)	১৬ ডিসেম্বর, ২০২৬ বুধবার	০১ পৌষ, ১৪৩৩	০১
২৯	শীতকালীন অবকাশ এবং যিশু খ্রিষ্টের জন্মদিন (বড় দিন, ২৫ ডিসেম্বর)	২০ ডিসেম্বর, ২০২৬খ্রি. রবিবার থেকে ২৯ ডিসেম্বর, ২০২৬খ্রি. মঙ্গলবার পর্যন্ত	০৫ পৌষ, ১৪৩৩ থেকে ১৪ পৌষ, ১৪৩৩	১০
৩০	প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি			০২
			মোট:	৬৪

*চাঁদ দেখার উপর নির্ভরশীল।

পরীক্ষার সময়সূচি-২০২৬খ্রি.

পরীক্ষার নাম	তারিখ	দিন সংখ্যা	ফলাফল প্রকাশ
অর্ধ-বার্ষিক/প্রাক-নির্বাচনি পরীক্ষা	২৮ জুন, ২০২৬ রবিবার থেকে ১৩ জুলাই, ২০২৬ সোমবার পর্যন্ত	১২ দিন	২৯ জুলাই, বুধবার, ২০২৬
নির্বাচনি পরীক্ষা	২৮ অক্টোবর, ২০২৬ বুধবার থেকে ১০ নভেম্বর ২০২৬ মঙ্গলবার পর্যন্ত	১২ দিন	১৮ নভেম্বর, বুধবার, ২০২৬
বার্ষিক পরীক্ষা	১৯ নভেম্বর, ২০২৬ বৃহস্পতিবার থেকে ০৬ ডিসেম্বর ২০২৬, রবিবার পর্যন্ত	১২ দিন	৩০ ডিসেম্বর, বুধবার, ২০২৬
জুনিয়র বৃত্তি পরীক্ষা	১৫ ডিসেম্বর, ২০২৬ মঙ্গলবার থেকে ২০ ডিসেম্বর ২০২৬ রবিবার পর্যন্ত	০৬ দিন	৩০ ডিসেম্বর, বুধবার, ২০২৬

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০২৬খ্রি: পর্যন্ত। সরকার ঘোষিত নির্দেশনার আলোকে পাঠ্যপুস্তক বিতরণ করতে হবে।

২. উল্লিখিত পরীক্ষার সময়সূচি অনুযায়ী অর্ধ-বার্ষিক পরীক্ষা, প্রাক নির্বাচনি পরীক্ষা, নির্বাচনি পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করতে হবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ০১ (এক) বছর সংরক্ষণ করতে হবে। প্রতি পরীক্ষার সময় ১২ কর্মদিবসের বেশি হবে না।

৩. স্ব-স্ব বিদ্যালয় পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতীত) নিজেরাই প্রণয়ন করবেন। কোনো অবস্থাতেই অন্য কোনো উৎস থেকে সংগৃহীত প্রশ্নপত্রে পরীক্ষা নেয়া যাবে না।

৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোনো বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার ও শনিবার) ব্যতীত বছরে মোট ছুটি থাকবে ৬৪ দিন।

৬. কোনো সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে বিদ্যালয় ছুটি দেয়া যাবে না এবং সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না। সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

৭. ছুটিকালীন অনুষ্ঠেয় ভর্তি কার্যক্রম সম্পাদন ও অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখতে হবে।

৮. এসএসসি পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতিত অন্যান্য বিদ্যালয়সমূহে যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।

৯. জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবসসমূহ যথা: ২১ ফেব্রুয়ারি, ২৬ মার্চ, বাংলা নববর্ষ ও ১৬ ডিসেম্বর যথাযোগ্য মর্যাদায় বিদ্যালয়ে উদ্‌যাপন করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৩/১২/২০২৫

(সাবিনা ইয়াসমিন)
উপসচিব